

## শেষ স্টেশন

ফ্লাইওভার তার পেটের নিচে তৈরি করছে  
 নতুন পৃথিবী  
 হাড়োয়া সন্দেশখালি আর মেখলিগঞ্জ মিলিয়ে মিশিয়ে  
 ট্রাম লাইন উঠে গেছে, দ্রুত ঘাস গজাচ্ছে আরোগ্য কামনায়  
 সমস্ত গড়িয়াহাট ব্রেইল লিখনের মতো নতুন ও অজানা

আরও কতদিন ভালোবাসবে তুমি আমাকে  
 স্নেহ দিয়ে রক্ত দিয়ে মেধা দিয়ে শ্রম ও কামনার সুধারসে  
 কতবার রাস্তায় দাঁড়িয়ে ভিজবে, কতবার ফেল করবে  
 শেষ মেট্রো  
 কতবার নিয়ে আসবে ধমনী ছেঁড়া রজনীগন্ধা  
 দূরপাল্লার তৎকাল টিকিট  
 সমস্ত বদলের মধ্যে ঠায় দাঁড়িয়ে তুমি, প্রয়োজনে, অবান্তরতায়  
 রিফিউজি কনভয়ের গুম্ গুম্ শব্দের মতো একটি, একটিই কথা  
 বলতে থাকবে ....  
 ভালোবাসি ভালোবাসি ভালোবাসি

প্রতিদিন ভোরে আমি তোমাকে ছাড়িয়ে যাবো পৃথিবীর শেষ স্টেশনে  
 মধ্যযামে ফিরে আসবো তোমার অনিবার্যতার কাছে, শূন্যহাতে ।।

অনিতা অগ্নিহোত্রী

